



RAMAKRISHNA MISSION

SHILLONG - 793 003

Language : Bengali

Group : B

Class : VII & VIII

Date :

8 JUL 2019

Time :-

1.30 P.M.

গাই গীত শুনাতে তোমায়

— স্বামী বিবেকানন্দ

গাই গীত শুনাতে তোমায়
ভাল মন্দ নাহি গণি,
নাহি গণি লোকনিন্দা যশ-কথা ।
দাস তোমা দোঁহাকার,
সশক্তিক নমি তব পদে ।
আছ তুমি পিছে দাঁড়াইয়ে,
তাই ফিরে দেখি তব হাসিমুখ ।

ফিরে ফিরে গাই, কারে না ডরাই
জন্মমৃত্যু মোর পদতলে ।
দাস তব জনমে জনমে দয়ানিধে !
তব গতি নাহি জানি;
মম গতি - তাহাও না জানি ।
কেবা চায় জানিবারে ?
ভুক্তি মুক্তি ভক্তি আদি যত,
জপ-তপ সাধন-ভজন,
আঞ্জা তব, দিয়েছি তাড়ায়ে;
আছে মাত্র জানাজানি আশ,
তাও প্রভু কর পার ।